

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
Website: www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০২০.০০৪.০১.০০.১১৩.২০১৩-৯২৪

তারিখ: ৯-৮-২০১৭ খ্রিঃ।

বিষয়: পিরোজপুর জেলা পরিষদের প্রধান সহকারী (বর্তমানে নড়াইল) জনাব মোঃ সহিদুল ইসলাম এর দায়েরকৃত রীট পিটিশন নং ৩৩৩/২০১৩ এর রায়ের বিরুদ্ধে সিভিল পিটিশন ফর লীভ টু আপীল দায়ের।


সূত্র: জেলা পরিষদ শাখার স্মারক নং-৪৬.০৪২.০৩২.০২.০০.১৪৯.২০১৩ তাং- ৩০মার্চ, ২০১৭খ্রিঃ।

স্থানীয় সরকার বিভাগের ৩১-১২-২০১৩ তারিখের ৪৩১৭নং অফিস আদেশে পিরোজপুর জেলা পরিষদের প্রধান সহকারী (বর্তমানে নড়াইল) জনাব মোঃ সহিদুল ইসলামকে ঝালকাঠি জেলা পরিষদে বদলী করা হয়। জনাব মোঃ সহিদুল ইসলাম ঝালকাঠি জেলা পরিষদে যোগদান না করে বদলীর আদেশের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে ৩৩৩/২০১৩নং রীট পিটিশন দায়ের করেন। উক্ত রীট পিটিশনে গত ০৪-০৯-২০১৬ তারিখের রায়ে রায়ে কপি প্রাপ্তির পর দুই মাসের মধ্যে প্রধান সহকারী জনাব সহিদুল ইসলামকে পিরোজপুর জেলা পরিষদ অথবা অন্য কোন জেলা পরিষদে নতুন ভাবে পদায়ন করার নির্দেশ প্রদান করা হয়। স্থানীয় সরকার বিভাগের ২০-১১-২০১৬ তারিখের ২৬৮০ নং স্মারকে প্রধান সহকারী জনাব মোঃ সহিদুল ইসলামকে নড়াইল জেলা পরিষদে বদলী করা হয়। প্রধান সহকারী জনাব মোঃ সহিদুল ইসলাম বদলীকৃত কর্মস্থল নড়াইল জেলা পরিষদে যোগদান এবং বকেয়া বেতন ভাতা পরিশোধের জন্য আবেদন দাখিল করেন। এ বিষয়ে আইনগত মতামত প্রদানের জন্য সচিব, আইন ও বিচার বিভাগ-কে অনুরোধ করা হয়। আইন ও বিচার বিভাগের মতামত নিম্নরূপ:

জনাব মোঃ সহিদুল ইসলাম, প্রধান সহকারী, জেলা পরিষদ নড়াইলকে তার পূর্বোক্ত কর্মস্থল পিরোজপুর জেলা পরিষদ হতে ঝালকাঠি জেলা পরিষদে বদলীর আদেশ প্রদান করা হয়েছিল। উক্তরূপ বদলীর আদেশ একটি নির্বাহী আদেশ। বদলী সম্বন্ধের স্বার্থে এরূপ প্রশাসনিক আদেশ চাকরীর যে কোন মেয়াদে প্রদান করার ক্ষেত্রে বিধিগত বাধা নেই। এক্ষেত্রে বর্ণিত কর্মচারী বরাবর প্রদত্ত নির্বাহী আদেশটি মাননীয় হাইকোর্ট বিভাগে চ্যালেঞ্জ করায়, প্রশাসনিক এখতিয়ারকে বাধাগ্রস্ত করা হয়েছে। সে প্রেক্ষিতে রীট পিটিশন নং ৩৩৩/২০১৩ এ মাননীয় হাইকোর্ট বিভাগের প্রদত্ত আদেশটির বিরুদ্ধে আপীল প্রতিকার গ্রহণ করা সমীচীন। অবিলম্বে প্রত্যাপী বিভাগ সিভিল ফর লীভ টু আপীল দায়ের করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে।

০২। এমতাবস্থায়, প্রধান সহকারী জনাব মোঃ সহিদুল ইসলাম এর দায়েরকৃত রীট পিটিশন নং ৩৩৩/২০১৩ এর রায়ের বিরুদ্ধে সিভিল পিটিশন ফর লীভ টু আপীল দায়ের করার জন্য সরকারী আইনজীবীর পাশাপাশি এ বিভাগের বেসরকারি প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো। মামলার আনুষঙ্গিক কাগজপত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ----- ফর্দ।

  
(মোহাম্মদ শফিকুল আরিফ)  
উপসচিব (আইন)  
৯৫৪০৯৯৫

জনাব মোঃ আশরাফুল আলম  
বেসরকারী প্যানেল আইনজীবী  
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
- ০৩। উপসচিব (জেলা পরিষদ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ০৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।
- ০৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ০৭। কম্পিউটার প্রোগ্রামার (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।